তারিখ 17 NOV 20[illegible]
পৃষ্ঠা [illegible] কলাম ২

দৈনিক
ইত্তেফাক

# কালিহাতীতে এসএসসি পরীক্ষায় ফরম পূরণে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ

■ কালিহাতী (টাঙ্গাইল) প্রতিনিধি

উপজেলায় এসএসসি ও দাখিল পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ উঠেছে। এতে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে চরম ক্ষোভ বিরাজ করছে।

সূত্র জানায়, কালিহাতী উপজেলার ৫৩টি উচ্চ বিদ্যালয় ও ১৯টি দাখিল মাদ্রাসার চার সহস্রাধিক ছাত্র/ছাত্রী এসএসসি ও দাখিল পরীক্ষার ফরম পূরণ করেছে। বিদ্যালয়ের ভৌতিক পাওনা, কোচিং ফি, উন্নয়ন ও নানাবিধ খাত দেখিয়ে বোর্ড নির্ধারিত ফির তিনগুণ বেশি অর্থ আদায় করে ফরম পূরণ করছে। তাতে প্রায় এক কোটি ৮০ লাখ টাকা অতিরিক্ত অর্থ আদায় করা হচ্ছে। এতে স্থানীয় পরীক্ষার্থী ও অভিভাবকদের মাঝে ক্ষোভ বিরাজ করছে।

এ ব্যাপারে কালিহাতী আরএস পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান তালুকদার জানান, তার বিদ্যালয়ে কোনো পরীক্ষার্থীর কাছ থেকে দুই হাজার টাকার বেশি অর্থ ফরম পূরণের জন্য আদায় করা হচ্ছে না।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হারুন-অর- রশিদ জানান, শিক্ষক সমিতির সাথে তার বা উপজেলা প্রশাসনের কোনো সভায় অতিরিক্ত ফি আদায়ের বিষয়ে তিনি কিছু জানেন না। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আরো জানান, বোর্ড নির্ধারিত ১৮'শ টাকায় সকল বিদ্যালয়ে এসএসসি ও দাখিল পরীক্ষার ফরম পূরণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে জানিয়ে দেওয়া হয়েছে।

উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি আবুল কাশেম জানান, 'অতিরিক্ত ফি আদায়ের বিষয়ে আমার জানা নেই। তবে যদি কোনো বিদ্যালয় বোর্ড নির্ধারিত ফি থেকে বেশি আদায় করে তার দায়ভার তাদের। এ দায়ভার আমাদের শিক্ষক সমিতি বহন করবে না।'